



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৯৭৭/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১১৭৬২

তারিখ: ১৬-০৮-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৭-০৮-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৬৯২১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলাধীন জোড়াদাহ মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের ক্ষেত্রে অনিয়মের বিষয়ে জনাব মোঃ জমির হোসেন একটি অভিযোগ দাখিল করেছেন। এমতাবস্থায়, উচ্চ অভিযোগের বিষয়ে সরেজামিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসন্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশনামে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৬-০৮-২০২২

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুন্ড, বিনাইদহ।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি
নথি নং-বিঅ-৬/৬৯৭৭/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১১৭৬২ (৬)
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বিনাইদহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ড, বিনাইদহ।
- ৪। প্রধান শিক্ষক, জোড়াদাহ মাধ্যমিক বিদ্যালয়, জোড়াদাহ, হরিণাকুন্ড, বিনাইদহ।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ জমির হোসেন (০১৯২১-৮০১৯৯৪), জোড়াদাহ, হরিণাকুন্ড, বিনাইদহ।
- ৬। অফিস নথি।

তারিখ: ১৬-০৮-২০২২

১৬-০৮-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
যশোর।

বিষয় ৪ আইন বহির্ভূতভাবে সভাপতি নির্বাচন প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি জমির, (ভোটার নম্বর-৩৬২), পিতাঃ মৃত আশুল খালেক, গ্রাম ও ডাকঃ
জোড়াদহ, হরিণকুণ্ড, বিনাইদহ। গত ১১/০৫/২০২২ খ্রিঃ জোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির
নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে আমি অভিভাবক সদস্য নির্বাচিত হই। পরবর্তীতে ১৫/০৫/২০২২ খ্রিঃ
হরিণকুণ্ড থানা মাধ্যমিক শিক্ষা অফিসে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন অনুষ্ঠিত হবে এই মর্মে নোটিশ
জারি করেন। উক্ত তারিখে আমরা ৫জন নির্বাচিত অভিভাবক সদস্য, একজন দাতা সদস্য ও ৩ (তিনি) জন
শিক্ষক প্রতিনিধি সহ ৯ জন সদস্য উপস্থিত হয়। ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন বিধিমালা অনুযায়ী ১ম
প্রস্তাবকারী মোঃ জিকুর পক্ষে ৩ জন সমর্থন জানান অপরদিকে ২য় প্রস্তাবকারী আমি জমির (সভাপতি হিসেবে
জনাব সাইফুর রহমান বাহার) এর পক্ষে ৪জন সমর্থন করেন এবং ২য় প্রস্তাবকারী জমিরের পক্ষে সর্বমোট
৫(পাঁচ) জন এবং ১ম প্রস্তাবকারী মোঃ জিকুর (সভাপতি হিসেবে মোঃ কামাল হোসেন মিয়া) পক্ষে ৪ জন
হওয়ায় শিক্ষা অফিসার মহোদয় ৫জন সমর্থনকারী সভাপতিকে বিধি মোতাবেক নির্বাচিত না ঘোষণা করে কি
এক অজ্ঞাত কারণে পরবর্তীতে সভাপতি নির্বাচনের জন্য জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করেন। জেলা
শিক্ষা অফিসার মহোদয় সংখ্যাগরিষ্ঠের পক্ষে রায় দিতে যাওয়ায় সেই অজ্ঞাত কারণে নির্বাচিত সভাপতিকে
মনোনয়ন প্রদান না করে ভোটের কথা বলেন যা সম্পূর্ণ বিধি বহির্ভূত। বিধি বহির্ভূত হওয়ায় আমি এবং আমার
পক্ষের সদস্যগণ ঘটনাস্থল ত্যাগ করি। পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার মহোদয় একক সিদ্ধান্তে মোঃ জিকুর
মনোনীত মোঃ কামাল হোসেন মিয়াকে সভাপতি হিসেবে ঘোষণা করেন যা সম্পূর্ণ আইন বহির্ভূত। ম্যানেজিং
কমিটির নির্বাচনী বিধির ৮ এর গ অনুযায়ী সংখ্যাগরিষ্ঠের ভিত্তিতে সভাপতি নির্বাচিত হওয়ার বিধান থাকলেও
কি কারণে জেলা শিক্ষা অফিসার মহোদয় এছেন কর্মকাণ্ড করেছেন তা বোধগম্য নহে।

অতএব জনাবের নিকট আবেদন, সংখ্যাগরিষ্ঠ সদস্যের মনোনীত সভাপতি জনাব সাইফুর রহমান বাহারকে
সভাপতি হিসেবে মনোনয়ন দানে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

স্বাক্ষর-

(জমির)

অভিভাবক সদস্য

জোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়

হরিণকুণ্ড, বিনাইদহ।